এ কথা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম (আমাকে) বললেন, “তুমি এমন কথা বললে, যদি তা সমুদ্রের পানিতে মিশানো হয়, তাহলে তা তার স্বাদ পরিবর্তন করে দেবে!”

উম্মুল মু’মিনীন ‘আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন: একদা আমি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে বললাম, ‘আপনার জন্য সাফিয়ার এই এই হওয়া যথেষ্ট।’ (কোন কোন বর্ণনাকারী বলেন, তাঁর উদ্দেশ্য ছিল, সাফিয়া বেঁটে।) এ কথা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম (আমাকে) বললেন, “তুমি এমন কথা বললে, যদি
তা সমুদ্রের পানিতে মিশানো হয়, তাহলে তা তার স্বাদ পরিবর্তন করে দেবে!” আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, একদা তাঁর নিকট একটি লোকের পরিহাসমূলক ভঙ্গি নকল করলাম।
তিনি বললেন, “কোন ব্যক্তির পরিহাসমূলক ভঙ্গি নকল করি আর তার বিনিময়ে এত এত পরিমাণ ধনপ্রাপ্ত হই, এটা আমি আদৌ পছন্দ করি না।” [সহীহ] [এটি আবূ দাউদ, তিরমিযী ও আহমাদ বর্ণনা করেছেন।]

উম্মুল মুমিনীন আয়েশা (রাযি.) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললেন: "সাফিয়্যা (রাযি.)-এর ব্যাপারে আপনার জন্য এতটুকুই যথেষ্ট যে, তার শারীরিক ত্রুটিগুলোর মধ্যে একটি হলো তিনি খাটো।" নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: "তুমি এমন একটি কথা বলেছ, যা যদি সমুদ্রের পানির সাথে মিশ্রিত করা হয়, তবে তা সমুদ্রের পানিকে পরিবর্তন করে দেবে এবং তা নষ্ট করে দেবে।" আয়েশা (রাযি.) বললেন: "আমি এমন কাজ করেছি, যেমন একজন মানুষ অন্যকে ছোট করার জন্য করে থাকে।" নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: "আমি কারো ত্রুটি নিয়ে আলোচনা করতে বা তাকে হেয়প্রতিপন্ন করার উদ্দেশ্যে তার মতো কাজ করতে বা তার মতো কথা বলতে পছন্দ করি না, এমনকি যদি সেজন্য আমাকে দুনিয়ার অনেক কিছুও দেওয়া হয় তবুও না।”

http://www.sunnah.global/hadeeth/bn/show/3705